



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন -১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫৪.২৪.৪৮৪

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১

১৪ মে ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ২২৬৭/২০২৪ মোকদ্দমার রুল ও আরজির আলোকে অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ২২৬৭/২০২৪-এর ০৩/০৩/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচনী মোকদ্দমা নং ১১/২০২১-এর আদেশে পিরোজপুর জেলার অন্তর্গত নাজিরপুর উপজেলাধীন ৫নং শাখারীকাঠী ইউনিয়ন পরিষদ-এর ০৯নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে ১নং প্রতিপক্ষ জনাব মিরাজ মল্লিক-এর নির্বাচন বাতিল করে জনাব মাসরিকুল কবির-কে নির্বাচিত মর্মে ঘোষণা করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে জনাব মিরাজ মল্লিক কর্তৃক দায়েরকৃত নির্বাচনী আপীল নং ০২/২০২৩ নামঞ্জুর হওয়ায় পিটিশনার জনাব মিরাজ মল্লিক সংস্কৃক হয়ে রিট পিটিশন নং ২২৬৭/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং, প্রধান নির্বাচন কমিশনার, বাংলাদেশ নির্বাচন কমিশন-কে ২নং এবং জেলা প্রশাসক, পিরোজপুর-কে ৪নং প্রতিপক্ষসহ মোট দশ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ২২৬৭/২০২৪ মোকদ্দমার রুল ও আরজির আলোকে অন্তর্বর্তীকালীন আদেশ পালনসহ দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8960/potrojariAttachmentRef/54238/0/2240)

১৪-৫-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০৫৪.২৪.৪৮৪/১(৫)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩১

১৪ মে ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১৪-৫-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)